Ankur Marketing

Ankur Marketing Limited

L52110WB1985PLC240038

Regd. Off : 210 Ruby Park, Kasba Rathtala, Kolkata - 78

Date: 16.02.2025

To,
Head Listing & Compliance
Metropolitan Stock Exchange of India Limited
4th Floor, Vibgyor Towers, Plot No. C 62,
G Block, Opposite Trident Hotel, Bandra
Kurla Complex, Bandra (E),
Mumbai-400098

Symbol: ANKUR

Sub: Intimation under Regulation 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015

Pursuant to Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 please find attached herewith Newspaper Advertisement published in Business Standard - English (Kolkata Edition) and Ekdin- Bengali (Kolkata Edition) on 16th February 2026 w.r.t. Unaudited Financial Result (Standalone) for the Quarter ended 31st December 2025.

This is for your information and record.

Thanking You,

For Ankur Marketing Limited

SHYAM SUNDAR AGARWAL

Digitally signed by SHYAM SUNDAR AGARWAL
Date: 2026.02.16 13:56:43 +05'30'

Ankur Marketing Limited Kolkata

Shyam Sundar Agarwal
Managing Director
DIN: 01021359

E : ankurmarketing85@gmail.com
W : www.ankurmarketing.com, Contact no : 033 7130 0203

উপচে পড়া ভিড় বক্রেশ্বর ধামে

মৃণালজিৎ গোস্বামী

রবিবার শিবরাত্রি উপলক্ষে ভক্তদের উপচে পড়া ভিড় বীরভূমের দুবরাজপুরের বক্রেশ্বর ধামে। সেবাইত কমিটির তত্ত্বাবধানে শতাব্দী প্রাচীন এই পুজোকে ঘিরে স্থানীয় মানুষের আবেগ যেমন জড়িয়ে রয়েছে, তেমনি শক্তিপীঠ হিসেবে পরিচিত এই বক্রেশ্বরধামে বহিরাগত ভক্তদের ভিড় বাড়ে শিবরাত্রিকে ঘিরেই। স্থানীয় ভক্তদের পাশাপাশি বহিরাগত ভক্তদের যাতে কোনও অসুবিধা না হয় তা সরজমিনে খতিয়ে দেখতে বক্রেশ্বর ধামে পৌঁছান বিধায়ক বিকাশ রায়চৌধুরী। সকলের খোঁজ-খবর নেওয়ার পর মন্দিরে ঢুকে পুজো দেন তিনি। এই শিবরাত্রি মেলাকে ঘিরে বীরভূম জেলা পরিষদ ও বক্রেশ্বর উন্নয়ন পর্ষদের উদ্যোগে পাঁচ দিনব্যাপী শুরু হয়েছে মেলা ও সাংস্কৃতিক নানান অনুষ্ঠান। শনিবার এই শিবরাত্রি মেলার আনুষ্ঠানিক শুভ সূচনা ঘটলেও রবিবার থেকেই শিবরাত্রিকে



কেন্দ্র করে মানুষের ভিড় তীর্থ ক্ষেত্র বক্রেশ্বরে। বীরভূম জেলা পরিষদের পক্ষে অতিরিক্ত জেলা শাসক সুরেশ চন্দ্র রানো বলেন, এই মেলাটা ঘিরে সমস্ত রকম সর্তকতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পাশাপাশি মনোরঞ্জনের জন্য পাঁচ দিনই কলকাতার পাশাপাশি জেলার শিল্পীদের সুযোগ দেওয়া হয়েছে, শুধু তাই নয় সব মাধ্যমিক পরীক্ষার্থীদের কথা মাথায় রেখে শব্দ দূষণ যাতে না ঘটে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়েছে।

শিবরাত্রি উপলক্ষে তারকেশ্বর মন্দিরে ভক্তদের সমাগম

নিজস্ব প্রতিবেদন, তারকেশ্বর: মহা শিবরাত্রি দিনে তারকেশ্বর মন্দিরে উপচে পড়ল ভক্তদের ভিড়। বেশ কয়েকদিন ধরেই তোড়জোড় চলছিল পুরোদমে। শ্রাবণী মেলার মতোই রাজ্য তো বটেই ভিন রাজ্য থেকেও ছুটে এসেছেন অগণিত ভক্তবৃন্দ। মহা শিবরাত্রির তিথি শুরু হয় রবিবার বিকেল ৪ টা ৫৮ মিনিটে। চলবে সোমবার ১৬ ফেব্রুয়ারি বিকেল ৫টা ৩৪ মিনিট পর্যন্ত। শিবরাত্রি উপলক্ষে রবিবার রাত ৮টা থেকে সোমবার বিকেল ৫টা পযন্ত গর্ভগৃহে প্রবেশ করতে পারবেন ভক্তরা। তবে অন্যান্য দিনের মতো রবিবার সকাল ৬টা থেকে সকাল ৯টা পর্যন্ত মহাদেবের মাথায় জল ঢেলে পুজো দিয়েছেন ভক্তরা। তারপর মন্দির বন্ধ রইল সকাল ১১টা পর্যন্ত। তারপর ফের ১১টা থেকে সন্ধ্যা সাড়ে ৭টা পর্যন্ত ভক্তদের জন্য মন্দির খোলা থাকে। সাড়ে সাতটা থেকে রাত দশটা পর্যন্ত শিব রাতের বিশেষ পুজো করেন মন্দিরের মোহন্ত মহারাজ। পুজো শেষে রাত দশটার পর থেকে সোমবার ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বাবার মাথায় জল ঢেলে পুজো দিতে পারেন ভক্তরা। সোমবার সকালেও রোজকার মতো দেওয়া যাবে পুজো। মন্দিরে পুজো দিতে এসেছিলেন এক ভক্ত বলেন, 'আমি প্রতিবছরই এখানে আসি। এবারও বাদ দিইনি। খুবই ভাল লাগছে। সকাল থেকে উপোস করে বাবার পুজো দিয়েছি।' মহাশিবরাত্রি উপলক্ষে শৈব তীর্থ তারকেশ্বরে ভক্তদের ঢল রবিবার মহা শিবরাত্রি বিকেল থেকে শিবচতুর্দশী শুরু হয়েছে সকাল থেকেই ভক্তদের ঢল নেমেছে তারকেশ্বরে। বাবার মন্দিরে দূরদূরান্ত থেকে ভক্তরা তারকেশ্বর মন্দিরে আসতে শুরু করেন। পাশেই দুধ পুকুরে পূণ্যার্থীরা স্নান সেরে পুরুষ ও মহিলারা মন্দিরে লাইন দিয়ে পুজোর ডালি নিয়ে বাবার মাথায় জল ঢালেন। মন্দির চত্বরে দোকানগুলোতেও ভিড় জমে। শিবরাত্রি উপলক্ষে তারকেশ্বর মন্দির চত্বরে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে, সঙ্গে সিসি ক্যামেরা দিয়ে মুড়ে ফেলা হয়েছে। প্রচুর পুলিশ মোতায়েন করা হয়েছে। নিরাপত্তা ব্যবস্থা রাখা হয়েছে স্বেচ্ছাসেবক বাহিনী। পুরসভার পক্ষ থেকেও ভক্তদের জন্য নানা রকম ব্যবস্থা নেওয়া হয়েছে।



মঙ্গলবাড়িতে যুবসাথী প্রকল্পের রেজিস্ট্রেশন ক্যাম্প তৃণমূলের

নিজস্ব প্রতিবেদন, মালদা: মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঘোষণা মতোই রবিবার থেকে শুরু হল যুব সাথী প্রকল্পের রেজিস্ট্রেশনের কাজ। এদিন সকাল থেকেই পুরাতন মালদা শহরের মঙ্গলবাড়ি সংলগ্ন গৌড় মহাবিদ্যালয়ে শুরু হয় যুব সাথী প্রকল্পের রেজিস্ট্রেশন ক্যাম্প। প্রথম দিনের রেজিস্ট্রেশন ক্যাম্পে উপস্থিত ছিলেন পুরাতন মালদা পুরসভার চেয়ারম্যান বিভূতিভূষণ ঘোষ, কাউন্সিলর শ্যাম মন্ডল, বিশ্বজিৎ হালদার ,শত্রুঘ্ন সিনহা বর্মা-সহ পুরাতন মালদা পুরসভার কর্মকর্তারা।

সংশ্লিষ্ট পুরসভা সূত্রে জানা গিয়েছে, এই রেজিস্ট্রেশন ক্যাম্প আগামী ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে। পাশাপাশি পুরাতন মালদা পুরসভার ২০টি ওয়ার্ডের এই ক্যাম্পের মাধ্যমে যুবক-যুবতীদের রেজিস্ট্রেশন করা হবে। মাধ্যমিক পাস ২১ বছর থেকে ৪১ বছর বয়সের বেকার যুবক-যুবতীরা এই প্রকল্পের আবেদন করতে পারবেন। ক্যাম্পে এসে পুরাতন মালদা পুরসভার চেয়ারম্যান বিভূতিভূষণ ঘোষ বলেন, 'মুখ্যমন্ত্রী যুবক ও যুবতীদের জন্য যে যুবসাথী প্রকল্পের ঘোষণা করেছেন, সেই প্রকল্পে বেকার যুবক-যুবতীরা রেজিস্ট্রেশন করতে পারবে তাদের নির্দিষ্ট বয়স অনুযায়ী। তাই আমরা এই যুবক-যুবতীদের সহযোগিতা করার উদ্দেশ্যে এদিনের এই ক্যাম্পের মাধ্যমে আবেদনপত্র বিলি করা এবং পূরণের ক্ষেত্রে সহযোগিতা করার চেষ্টা চালিয়েছি। আবেদনকারী যুবক ও যুবতীরা আগামী এপ্রিল মাস থেকে তাদের সাম্মানিক পাওয়া শুরু হবে।'

শেওড়াফুলিতে আহত বিজেপি কর্মী

নিজস্ব প্রতিবেদন, হুগলি: তৃণমূল-বিজেপির মধ্যে রাজনৈতিক উত্তেজনা। বিজেপি কর্মীদের মারধর করার অভিযোগ ২০ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলরের বিরুদ্ধে। হুগলির শেওড়াফুলিতে বিজেপি কর্মীর নাক ফাটানোর অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। গুলি করে দেওয়ার হুমকির অভিযোগ তৃণমূল কাউন্সিলরের বিরুদ্ধে। পাল্টা বিজেপির বিরুদ্ধে দেওয়াল দখলের অভিযোগ তৃণমূলের। অভিযোগ অস্বীকার কাউন্সিলরের। ঘটনাটি ঘটেছে হুগলির বৈদ্যবাটি পুরসভার শেওড়াফুলি কুড়ি নম্বর ওয়ার্ডের ঘটনা। বিজেপির অভিযোগ, দিল্লি রোড সংলগ্ন একটি কেমিক্যাল কারখানায় দিয়ে বিষাক্ত ধোঁয়া বেরোয়। সেই বিষয়টি রাতে বিজেপি কর্মীরা দেখতে যায় গোবিন্দ কলোনি এলাকায়। অভিযোগ, সেই সময় ২০ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর হরিপদ পাল তাঁর দলবল নিয়ে আক্রমণ করে বিজেপি কর্মীদের উপর। বেধড়ক মারধর করা হয় বিজেপি কর্মীদের। অভিযোগ, নাক ফেটে রক্ত বেরতে থাকে এক বিজেপি কর্মীর। এরপর রাতেই শ্রীরামপুর থানায় অভিযোগ করা হয় কাউন্সিলরের বিরুদ্ধে। আহত বিজেপি কর্মী শ্রীরামপুর ওয়ালস্ হাসপাতালে চিকিৎসাধীন। এ প্রসঙ্গে স্থানীয় বিজেপি নেতা অমানিশ আইয়ার বলেন, 'হরিপদ বলেছে দানা ভরে দেবে। শেওড়াফুলিতে এই রাজনীতি ছিল না। আমরাও এর শেষ দেখে ছাড়ব।' অভিযোগ অস্বীকার করেন তৃণমূল কাউন্সিলর হরিপদ পাল বলেন, 'ঝামেলার অভিযোগ শুনে ঘটনাস্থলে গিয়ে দেখি ধাক্কাধাক্কি হয়েছে বিজেপি কর্মীদের সঙ্গে। বিজেপি কর্মীরা রাধা গোবিন্দ কলোনী এলাকায় গিয়ে উত্তপ্ত করছিল। আমাদের সাংসদের নামে দেওয়াল লেখা ছিল, তার উপর বিজেপি পোস্টার মেরে দেয়। সেটা তুলে নিতে বলা হয়েছিল ওরা শোনেনি।'

দত্তপুকুর দৃষ্টি নাট্য সংস্থার নাট্যোৎসবের সমাপ্তি

নিজস্ব প্রতিবেদন, দত্তপুকুর: শেষ হল দত্তপুকুর দৃষ্টি নাট্য সংস্থার 'নাট্য উৎসব ২০২৬'। তাদের নিজস্ব শিল্পশালায় ১২-১৫ ফেব্রুয়ারি চার দিন ধরে চলা এই উৎসবে প্রদর্শিত হল ৫টি নাটক। আশিস দাসের নির্দেশনায় গোবরডাঙা নকসা'র প্রযোজনা 'কবিরা খাড়া বাজার মে' নাটক দিয়ে উৎসবের শুরু হয়। পরবর্তীতে আশিস চট্টোপাধ্যায়ের নির্দেশনায় গোবরডাঙা শিল্পায়ণের প্রয়োজন 'উত্তমপুরুষ', জীবন অধিকারীর নির্দেশনায় মছলন্দপুর ইমন মাইম সেন্টারের প্রযোজনা 'যুযুধান' প্রদর্শিত হয়। এছাড়াও দত্তপুকুর দৃষ্টি নাট্য সংস্থা তাদের দুটি নাটক মঞ্চস্থ করে। দৃষ্টি নাট্য সংস্থার প্রতিষ্ঠাতা তথা বিশিষ্ট নির্দেশক ও অভিনেতা বুদ্ধদেব ভট্টাচার্যের নির্দেশনায় মঞ্চস্থ হয় রবীন্দ্রনাথ ঠাকুরের 'ডাকঘর' ও বাদল সরকারের 'স্যুটকেস' নাটক দুটি। দুটি প্রযোজনার মঞ্চসজ্জা, আলোকসজ্জা এবং অভিনেতা-অভিনেত্রীদের উপস্থাপনা দর্শকদের মুগ্ধ করেছে। বিশেষ করে প্রথম প্রদর্শনেই 'ডাকঘর' নাটকটির সামগ্রিক ভাবনা, তার উপস্থাপনা, দৃশ্যকল্প, আবহে রাবীন্দ্রিকতার ছোঁয়া বজায় রেখে মফস্বলীয় থিয়েটারের গন্ডি ভেঙে এক সৃজনশীল চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছে।

প্রকল্পে ভাতা বৃদ্ধি

কাঁকসায় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে বাইক মিছিল তৃণমূলের

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: গত কয়েকদিন আগে রাজ্য বাজেটে লক্ষ্মীর ভান্ডার-সহ কৃষক ভাতা ও অন্যান্য প্রকল্পে ভাতা বৃদ্ধি করায় খুশি রাজ্যের মানুষ। তাই রাজ্যের মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে আসন্ন বিধানসভা নির্বাচনে এলাকার মানুষ যাতে মমতা বন্দ্যোপাধ্যায়কে পুনরায় ভোট দিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী বানান, সেই আবেদন নিয়ে এদিন পানাগড়ের দার্জিলিং মোড় থেকে মিছিল শুরু করে কাঁকসার বিভিন্ন প্রান্ত ঘুরে মিছিল পানাগড় রেলপাড়ে শেষ হয়।

এদিন এই বাইক মিছিলে প্রায় দেড় হাজার তৃণমূলের কর্মী, সমর্থকরা উপস্থিত ছিলেন।পশ্চিম বর্ধমান জেলার তৃণমূলের জেলার সাধারণ সম্পাদক দেবদাস বক্সি জানিয়েছেন, 'রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার মানুষের জন্য যে সমস্ত উন্নয়নমূলক প্রকল্পগুলি তৈরি করেছেন তাতে রাজ্যের মানুষ উপকৃত হয়েছে।' কাঁকসা

ব্লকের তৃণমূলের ব্লক সভাপতি নব কুমার সামন্ত জানিয়েছেন, 'সামনেই বিধানসভা নির্বাচন। রাজ্যের উন্নয়নমূলক প্রকল্পগুলিকে সামনে রেখে আমাদের এই বাইক মিছিল। এই মিছিল থেকে সাধারণ মানুষকে তৃণমূলের পাশে থাকার আহ্বান জানানো হয়েছে।'

শ্যামপুরে শিবরাত্রিতে হয় শিব-দুর্গার পুজো

নিজস্ব প্রতিবেদন, শ্যামপুর: গ্রামে দুর্গাপুজা নিষিদ্ধ। তাই দুর্গাপুজো এলেই কিছুটা মন ভার থাকে হাওড়ার শ্যামপুর থানার দেউলি গ্রাম ও সংলগ্ন এলাকার মানুষের। এখানকার অধিষ্ঠাত্রী দেবী বাসেশ্বরী দেবী আবহমান কাল ধরে দুর্গা রূপে পূজিত হয়ে আসছেন। কিন্তু দুর্গা পুজোর আক্ষেপ কড়ায় গণ্ডায় পুষিয়ে নেয় শিবরাত্রির সময়। বলা ভালো, শিবরাত্রি শিব-দুর্গা পুজোই এই এলাকার দুর্গাপুজো। বিশাল আকার মণ্ডপ, তিন নির্ভর বিভিন্ন প্রতিমা, আর জমজমাট মেলা। সঙ্গে বাইরে থাকা গ্রামের যুবকের ফিরে আসা, নতুন জামাকাপড়-সব অনুসঙ্গই থাকে। দেউলি গ্রামের সবচেয়ে বড় পুজো অনুষ্ঠিত হয় দেউলি মিলন তীর্থ ক্লাবের উদ্যোগে। প্রতিমা শিল্পীর কল্পনায় বিভিন্ন আঙ্গিকে বিভিন্ন দেবদেবীর বিচিত্র চিত্ররূপ প্রতি বছরই নজর কাড়ে। এবছরও তার অন্যথা হয়নি। শিবরাত্রির উপলক্ষে তাই জমজমাট হাওড়া গ্রামীণের শ্যামপুরের এই প্রান্তিক এলাকা। দেউলি এলাকার বাসিন্দা ও মিলন তীর্থ ক্লাবের সম্পাদক দুলাল পাত্র জানান, 'আবহমান কাল ধরে এই রীতি চলে আসছে। এবারের পুজো ৪৪ বছরে পদার্পণ করল।' পুজো উপলক্ষে অনুষ্ঠান চলবে আট দিন।



ফর্ম নং ইউআরসি-২

আইনের ২১ অধ্যায়ের অংশ ১ অধীনে নথিভুক্তির বিষয়ে বিজ্ঞাপন নোটিশ। (২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ৩৭৪(বি) এবং ২০১৪ সালের কোম্পানি (অথরাইজড টু রেজিস্টার) রুলসের রুল ৪(১) অধীনে)।

১. এতদ্বারা ২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ৩৬৬ এর সাব সেকশন (২) এর অধীনে নোটিশ জারি করা হচ্ছে যে, ভবতারী ইনফ্রেস্ক, এক অংশীদারি সংস্থা ২০১৩ সালের কোম্পানি আইনের ২১ অধ্যায়ের অংশ ১ অধীনে কোম্পানি লিমিটেড শেয়ার দ্বারা নথিভুক্তির মন্তব্য পনেরো দিন পর কিন্তু ত্রিশ দিনের পূর্বে রেজিস্ট্রার, কলকাতায় সমীপে এক আবেদন দাখিলের প্রস্তাব করা হচ্ছে।

২. কোম্পানির মূল উদ্দেশ্য নিম্নোক্ত মতো: কাগজের পাইকারী বিক্রয়

৩. প্রস্তাবিত কোম্পানির খসড়া মেমোরান্ডাম এবং আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন এর কপি পর্যবেক্ষণ করা যাবে উমা শান্তি নিবাস, ৩৩, বাদুর বাগান লেন, একতলা, স্যুট নং ১বি, রাজাবাজার সায়েন্স কলেজের নিকট, মানিকতলা কলকাতা ৭০০০০৯, পব ঠিকানায়।

৪. এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, এই আবেদনের বিরুদ্ধে আপত্তি জানাতে চাইলে, এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে একুশ দিনের মধ্যে, সেন্ট্রাল রেজিস্ট্রেশন সেন্টার (সিআরসি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (আইআইসিএ), প্লট নং ৬, ৭, ৮, সেক্টর ৫, আইএমটি মানেসর, জেলা গুড়গাঁও (হরিয়ানা), পিন কোড- ১২২০৫০-এর রেজিস্ট্রারের কাছে লিখিতভাবে তাদের আপত্তি জানাতে পারেন, এবং একটি অনুলিপি কোম্পানির নিবন্ধিত অফিসে পাঠাতে পারেন।

আবেদনকারীগণের নাম
১.মীনাক্ষী ছন্দক
২.জয়শ্রী মোহতা

তারিখ : ১৪.০২.২০২৬

ফর্ম নং ইউআরসি-২

অধ্যায় XXI এর প্রথম অংশের অধীনে নিবন্ধনের বিজ্ঞপ্তি প্রদানকারী বিজ্ঞাপন [কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ৩৭৪(খ) এবং কোম্পানি (নিবন্ধনের জন্য অনুমোদিত) বিধি, ২০১৪ এর বিধি ৪(১) অনুসারে]

১. এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ৩৬৬ এর উপ-ধারা (২) অনুসারে, পনেরো দিন পর কিন্তু এর পরে ত্রিশ দিন মেয়াদ শেষ হওয়ার আগে রেজিস্ট্রারের কাছে একটি আবেদন করার প্রস্তাব করা হচ্ছে যে, 'পি আর ট্রেডিং কোং', একটি ব্যবসায়িক সত্তা, কোম্পানি আইন, ২০১৩ এর অধ্যায়-XXI এর অংশ-১ এর অধীনে, শেয়ার দ্বারা সীমিত একটি কোম্পানি হিসেবে নিবন্ধিত হতে পারে।

২. কোম্পানির মূল উদ্দেশ্য হল নিম্নোক্ত রূপে: ক) ভারতে বা বিদেশে যেকোনো কোম্পানি, কর্পোরেশন, সরকার, সংবিধিবদ্ধ সংস্থা, কর্তৃপক্ষ, বা অন্য কোনো সত্তা কর্তৃক জারি করা বা গ্যারান্টিযুক্ত শেয়ার, স্টক, ডিবেঞ্চার, ডিবেঞ্চার-স্টক, বন্ড, ইউনিট, সিকিউরিটিজ, ডেরিভেটিভস এবং অন্যান্য আর্থিক উপকরণ অর্জন, সাবস্ক্রিপশন, বিনিয়োগ, ধারণ, মালিকানা, ক্রয়, বিক্রয়, স্থানান্তর, অঙ্গীকার বা অন্য কোনোভাবে লেনদেনের ব্যবসা পরিচালনা করা। খ) প্রযোজ্য আইন ও বিধি সাপেক্ষে, স্বীকৃত এক্সচেঞ্জ বা ওভার-দ্য-কাউন্টার বাজারে লেনদেন করা হোক বা না হোক, ফিউচার, অপশন, সোয়াপস, ফরোয়ার্ড, কন্ট্রাক্ট ফর ডিফারেন্স এবং অন্যান্য ডেরিভেটিভ ইনস্ট্রুমেন্টের ব্যবসায় নিযুক্ত হওয়া।

৩. প্রস্তাবিত কোম্পানির খসড়া স্মারকলিপি এবং আর্টিকেল অফ অ্যাসোসিয়েশন এর একটি কপি ১৮, রবীন্দ্র সরণি, কলকাতা - ৭০০০০১, পশ্চিমবঙ্গ, অফিসে পরিদর্শন করা যেতে পারে।

৪. এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, এই আবেদনের বিরুদ্ধে আপত্তি জানাতে চাইলে, এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ২১ (একুশ) দিনের মধ্যে, সেন্ট্রাল রেজিস্ট্রেশন সেন্টার (সিআরসি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (আইআইসিএ), প্লট নং ৬, ৭, ৮, সেক্টর ৫, আইএমটি মানেসর, জেলা গুড়গাঁও (হরিয়ানা), পিন কোড- ১২২০৫০-এর রেজিস্ট্রারের কাছে লিখিতভাবে তাদের আপত্তি জানাতে পারেন, এবং একটি অনুলিপি কোম্পানির নিবন্ধিত অফিসে পাঠাতে হবে।

পি আর ট্রেডিং কোং এর পক্ষে
স্থান : কলকাতা স্বা/-
তারিখ : ১৬-০২-২০২৬ **আকাশ জয়ওয়াল**

জয় বালাজি ইন্ডাস্ট্রিজ লিমিটেড

CIN : L27102WB1999PLC089755
রেজিস্টার্ড অফিস: ৫, বেন্টিঙ্ক স্ট্রিট, কলকাতা-৭০০ ০০১
ফোন: +৯১ ৩৩ ২২৪৮ ৯৮০৮/২২৪৮ ৮১৭৩, ফ্যাক্স: +৯১ ৩৩ ২২৪৩ ০০২১/২২১০ ৭৮৯৩
ইমেইল: jaibalaji@jaibalajigroup.com
ওয়েবসাইট: www.jaibalajigroup.com

ভৌত শেয়ার স্থানান্তর এবং ডিমেটেরিয়ালাইজেশনের জন্য বিশেষ উইন্ডো

সম্পর্কিত বিজ্ঞপ্তি ৩০ জানুয়ারী, ২০২৬ তারিখের সেবি সার্কুলার নং HO/38/13/11(2)2026-MIRSD-POD/I/3750/2026 অনুসারে, কোম্পানির শেয়ারহোল্ডারদের এতদ্বারা জানানো হচ্ছে যে ভৌত শেয়ার স্থানান্তর এবং ডিমেটেরিয়ালাইজেশনের জন্য আরেকটি বিশেষ উইন্ডো খোলা হয়েছে, যা এক বছরের জন্য, ৫ ফেব্রুয়ারী, ২০২৬ থেকে ৪ ফেব্রুয়ারী, ২০২৭ পর্যন্ত খোলা হয়েছে, যা ১ এপ্রিল, ২০১৯ এর আগে বিক্রি বা কেনা ভৌত শেয়ার স্থানান্তর এবং ডিমেটেরিয়ালাইজেশনের জন্য প্রযোজ্য।

এই বিশেষ উইন্ডোটি সেইসব স্থানান্তর অনুরোধের জন্যও উপলব্ধ থাকবে যা আগে জমা দেওয়া হয়েছিল এবং নথি/প্রক্রিয়ার ত্রুটির কারণে প্রত্যাখ্যাত/ফেরত দেওয়া/পরিপূরণ করা হয়নি। যোগ্য শেয়ারহোল্ডাররা তাদের অনুরোধগুলি প্রয়োজনীয় নথিপত্র সহ কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ), মেসার্স মহেশ্বরী ডেটামেটিক্স প্রাইভেট লিমিটেড, ইউনিট জয় বালাজি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ২৩, আর.এন. মুখার্জি রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০০১-এর কাছে contact@mdplcorporate.com/ compliance@mdplcorporate.com ঠিকানায় জমা দিতে পারেন। যোগাযোগ নম্বর ০৩৩ ২২৪৮২২৪৮, ২২৪৩৫০২৯ অথবা কোম্পানির ৫, বেন্টিঙ্ক স্ট্রিট, কলকাতা - ৭০০০০১, যোগাযোগ- ২২৪৮৯৮০৮/ ২২৪৩৫০২৯, ই-মেইল- jaibalaji@jaibalajigroup.com ঠিকানায় নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে পারেন।

এই সময়ের মধ্যে, স্থানান্তরিত সিকিউরিটিগুলি বাধ্যতামূলকভাবে হস্তান্তরকারীর কাছে জমা করা হবে, শুধুমাত্র ডিম্যাট মোডে, যখন আরটিএ সমস্ত নথিপত্র যথাযথভাবে সনাক্ত করবে এবং হস্তান্তর নিবন্ধনের তারিখ থেকে এক বছরের জন্য লক-ইন থাকবে। উক্ত লক-ইন সময়কালে এই ধরণের সিকিউরিটিগুলি স্থানান্তরিত/লিয়েন-মার্ক অংশগ্রহণ করা হবে না।

অতএব, সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারদের পরামর্শ দেওয়া হচ্ছে যে তারা যথাযথভাবে সম্পাদিত হস্তান্তর দলিলগুলি এবং সমস্ত প্রয়োজনীয় নথিপত্র, সর্বোপরি সম্পূর্ণ, কোম্পানির আরটিএ-তে জমা বা পুনর্দাখিল করতে পারেন।

জয় বালাজি ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে
স্বা/-
অজয় কুমার তাঁতিয়া
কোম্পানি সেক্রেটারি
মেম নং : এফ৬২৮৫

তারিখ : ১৬ ফেব্রুয়ারি ২০২৬
স্থান : কলকাতা

লা ওপালা আরজি লিমিটেড

রেজি. অফিস : ইকো সেন্টার, ৯ম তল, ইএম - ৪, সেক্টর - V, কলকাতা - ৭০০০৯১
ফোন নং : +৯১ ৭৬০৪০ ৮৮৮১৪/৫/৬/৭, ইমেল : info@laopala.in, www.laopala.in
CIN : L26101WB1987PLC042512

৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত তিনমাস এবং নয় মাস এর অনিরীক্ষিত আর্থিক ফলাফল

কোম্পানির ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত তিন এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফল স্টক এক্সচেঞ্জগুলিতে সংবদ্ধ করা হয়েছে ২০১৫ সালের সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস এর রেগুলেশন ৩৩ অধীনে, অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত এবং ডিরেক্টর বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট ১৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভায় অনুমোদনের পর ।

কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষকগণ কর্তৃক ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত তিন মাস এবং নয় মাসের আর্থিক ফলাফল সংক্ষিপ্ত পর্যালোচিত।

৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত তিন মাস এবং নয় মাসের ফলাফলের পূর্ণ বয়ান স্টকএক্সচেঞ্জগুলির যেমন - বিএসই লিমিটেড (www.bseindia. com) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অব ইন্ডিয়া লিমিটেড (www.nseindia.com) এবং কোম্পানির ওয়েবপেজ **https://www.laopala.in/uploads/documents/LORG_Outcome_BM_14022026.pdf** থেকে পাওয়া যাবে এবং কিউ আর কোড স্ক্যান করেও পাওয়া যাবে।

ডিরেক্টর বোর্ডের পক্ষে
লা ওপালা আরজি লিমিটেডের পক্ষে
স্বা/-
অজিত ঝুনঝুনওয়ালা
ভাইস চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর
ডিন : ০০১১১৮৭২

তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০২৬
স্থান : কলকাতা

SBI এসবিআই বেলদা শাখা (০২০১৭)

গ্রাম ও পোঃ- বেলদা, পশ্চিম মেদিনীপুর - ৭২১৪২৪
ই-মেল : sbi.02017@sbi.co.in

গাড়ি নিলাম

অনুমোদিত অফিসারের বিশদ : নাম : শ্রী সতীশ কুমার, ই-মেল: **cmruralr3.zohow@sbi.co.in**, যোগাযোগ নং ৮৩৭৩০৫৩৬৯০ / ৯৭৩২৬৪৭০৯৫

ব্যাঙ্কের কাছে দায়বদ্ধ পুরনো বাজেয়াপ্ত গাড়িগুলি **২৫.০২.২০২৬ (বুধবার)** তারিখে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে **সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা পর্যন্ত এসবিআই রিজিওনাল বিজনেস অফিস (আরবিও ৩), ২য় তল, টাওয়ার- ০১, অটওয়াল রিয়েল এস্টেট, পোঃ- ইন্দা, খড়গপুর, পিন- ৭২১৩০৫** -তে। **যোগাযোগ নং ৮৩৭৩০৫৩৬৯০ / ৯৭৩২৬৪৭০৯৫।**

গাড়ির বিশদ :

ক্র. নং	গাড়ির বিবরণ	গাড়ি পরিদর্শনের তারিখ এবং সময় এবং স্থান	নির্মাণ বর্ষ	বিড বর্ধিত মূল্য	সংরক্ষিত মূল্য
১.	**তৈরি/মডেল:** টাটা মোটরস প্যাসেঞ্জার ভেহিকেলস লিঃ SAFARI 7SXE 2LBS6PH2, **রেজিস্ট্রেশন নং.** WB34CD5616, **ইঞ্জিন নম্বর** 46354442-4266998, **চেসিস নং:** MAT631022PWH29625, **রেজিস্ট্রেশন তারিখ- ০৭.০৯.২০২৩, মালিকের নাম: কৌশিক কর্মকার**	২১.০২.২০২৬ (শনিবার) সকাল ১১:০০ টা থেকে দুপুর ৩টা এসবিআই (আরবিও ৩) খড়গপুর	২০২৩	৫০০০.০০ টাকা	৯,৩৭,৮০০.০০ টাকা (জিএসটি সহ)

দ্রষ্টব্য : প্রযোজ্য হার অনুযায়ী এই মূল্য জিএসটির সঙ্গে যুক্ত

গাড়ি **'যেখানে যেমন আছে' এবং 'যা যেমন আছে'** অবস্থার ভিত্তিতে নিলাম করা হবে।

(ক) ইচ্ছুক ক্রেতারা, নির্ধারিত নিদর্শে তাঁদের অফার জমা দেবেন তৎসহ মজুত মূল্যের **(ইএমডি ৯৩,৭৮০.০০ টাকা)** ন্যূনতম ১০% সমতুল্য বায়না জমার অঙ্ক, **ব্যাঙ্ক ড্রাফট/ব্যাঙ্কার্স চেক মাধ্যমে** যা **''এসবিআই, বেলদা শাখা'' -র অনুকূলে, নগদ গৃহীত হবে না, ২৩.০২.২০২৬ তারিখে দুপুর ৩:০০ টার** পূর্বে পর্যন্ত নিলামস্থলে। তাঁদের আরও অনুরোধ করা হচ্ছে, সঠিক মূল পরিচয় প্রমাণক ও পরিচয় প্রমাণকের যথেষ্ট পরিমাণে জেরক্স কপি আনতে হবে তসৎসহ ''বিড' অ্যাপ্লিকেশন ফর্ম'' জমা করা হবে নিলাম স্থলে। সফল ডাকদাতাদের পরামর্শ দেওয়া হচ্ছে দুটি পাসপোর্ট মাপের রঙিন ছবি আনার জন্য সেই সময়, যখন ব্যাঙ্ক থেকে 'বিক্রি শংসাপত্র'' প্রদান করা হবে, সম্পূর্ণ ''বিড''-এর মূল্য প্রদানের বিনিময়ে।

(খ) সংরক্ষিত মূল্যের নীচে ডাক দানের অফার বিবেচনার জন্য গৃহীত হবে না।

(গ) ডাকদান সম্পূর্ণ হওয়ার পর, ব্যাঙ্ক শুধুমাত্র যোগ্য ক্ষেত্রেই বিক্রি নিশ্চিত করবে এবং তা লিখিতভাবে জানানো হবে নিলামের তারিখ থেকে ৭ দিনের ভিতর, সফল ডাকদাতাদের।

(ঘ) ব্যাঙ্ক কর্তৃক ঘোষিত মতো সফল ডাকদাতাকে নিলাম মূল্যের পুরো টাকাটাই জমা করতে হবে, **ডিমান্ড ড্রাফট** দ্বারা, ব্যাঙ্কে বায়না জমার টাকা বাদ দিয়ে, বিক্রি নিশ্চিতকরণ পত্র গ্রহণের **৭ দিনের** ভিতর। **কোনও প্রকার বিধিবদ্ধ দেয় যেমন পথ কর, বীমা ইত্যাদি ক্রেতাকেই বহন করতে হবে।**

(ঙ) কোনও প্রকার কারণ না দর্শিয়েই সকল বা যে কোনও অফার গ্রহণ বা বর্জন করা এবং নিলাম স্থগিত/বিলম্বিত করার অধিকার ব্যাঙ্ক কর্তৃক সংরক্ষিত।

(চ) গাড়ির রেজিস্ট্রেশন ডাকদাতার দায়িত্ব। সংশ্লিষ্ট শাখা গাড়ি ও সম্পর্কিত কাগজপত্রাদি চালান দেবে, ডাকদানের সম্পূর্ণ টাকার অঙ্ক দেওয়ার পর। **''এসবিআই, বেলদা শাখা''** বা অফিসার **কোনও ভাবেই দায়ী নয়,** ডাকদাতার নামে গাড়ির চূড়ান্ত রেজিস্ট্রেশনের জন্য।

তারিখ : ১৬.০২.২০২৬
স্থান : বেলদা, পশ্চিম মেদিনীপুর

অনুমোদিত অফিসার,
এসবিআই বেলদা শাখা

ফ্রন্টলাইন কর্পোরেশন লিমিটেড

CIN NO : L63090WB1989PLC099645
রেজিস্টার্ড অফিস: ৪, বি.বি.ডি. বাগ (পূর্ব), স্টিফেন হাউজ, কক্ষ নং ৫, ২য় তল, কলকাতা-৭০০০০১
কর্পোরেট অফিস: ৫ম তল শালিন বিল্ডিং, নেহরু ব্রিজ কর্নারের নিকটে, আশ্রম রোড, আমেদাবাদ - ৩৮০০০৯

৩১/১২/২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের স্ট্যান্ডঅ্যালোন অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ

(টাকার অঙ্ক লাখে)

ক্রম নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত			নয় মাস সমাপ্ত		বর্ষ সমাপ্ত
		৩১ ডিসে. ২০২৫ (অনিরীক্ষিত)	৩০ সেপ্টে. ২০২৫ (অনিরীক্ষিত)	৩১ ডিসে. ২০২৪ (অনিরীক্ষিত)	৩১ ডিসে. ২০২৫ (অনিরীক্ষিত)	৩১ ডিসে. ২০২৪ (অনিরীক্ষিত)	৩১ মার্চ ২০২৫ (নিরীক্ষিত)
১	কার্যাদি থেকে মোট আয়	২৭৯৫.৬১	২৫৮৫.৭৯	২৫৩৪.৩০	৮৫৩০.০৬	৭৫৪৫.৫২	১০৩৯৫.৬২
২	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর এবং ব্যতিক্রমী দফার পূর্বে)	৫৯.৫৯	৭২.১৮	৯১.৯৫	২০৬.০৮	২৫০.২০	৩৫৭.৬৬
৩	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) করপূর্ব (অতিরিক্ত দফার পরে)	৫৯.৫৯	৭২.১৮	৯১.৯৫	২০৬.০৮	২৫০.২০	৩৫৭.৬৬
৪	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (অতিরিক্ত দফার পরে)	৪৫.৯২	৫৪.৭৭	৭০.৭৪	১৫৮.০২	২০০.৩৯	২৮৮.৮৫
৫	সময়কালের জন্য মোট আনুপুঙ্খিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী) এবং অন্যান্য আনুপুঙ্খিক আয় (করের পরে)]	৪৬.১২	৫৪.৮৮	৬৯.২৫	১৫৮.৩৩	১৯৫.৯২	২৮৯.২২
৬	চুকিয়ে দেওয়া ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১০/- টাকা প্রতি শেয়ার)	৪৯৭.৭৫	৪৯৭.৭৫	৪৯৭.৭৫	৪৯৭.৭৫	৪৯৭.৭৫	৪৯৭.৭৫
৭	রিজার্ভ (পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদে) পূর্ববর্তী বছরের নিরীক্ষিত উদ্বর্তপত্রে যেমন প্রদর্শিত						১০৪১.১২
৮	শেয়ার প্রতি আয় - মৌলিক ও মিশ্রিত	০.৯২	১.১০	১.৪২	৩.১৭	৪.০৩	৫.৮০

দ্রষ্টব্য :

১. উপরের স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলটি অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত এবং ১৪.০২.২০২৬ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ডিরেক্টর বোর্ডের সভায় অনুমোদিত হয়েছে।

২. উপরের ফর্ম্যাটটি স্টক এক্সচেঞ্জে জমাকৃত বিস্তারিত ত্রৈমাসিক/বার্ষিক আর্থিক ফলাফলের সারাংশ যা সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জের বিএসই ওয়েবসাইট www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট www.frontlinecorporation.org -এ পাওয়া যাবে।

ফ্রন্টলাইন কর্পোরেশন লিমিটেড-এর পক্ষে
পবন কুমার আগরওয়াল
ম্যানেজিং ডিরেক্টর
(DIN NO: 00060418)

স্থান: আমেদাবাদ
তারিখ: ১৪.০২.২০২৬

কন্টিনেন্টাল ভাল্‌ভস্ লিমিটেড

(CIN : L29221WB1982PLC057718)
রেজিস্টার্ড অফিস : ''সুকেত'' ২০ বালিগঞ্জ সার্কুলার রোড, কলকাতা-৭০০০১৯
টেলি এবং ফ্যাক্স: (০৩৩) ৪০৬৪৭১৭৭, ই-মেল আইডি: finance@cvl.co.in, info@cvl.co.in

৩১ ডিসেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের কন্টিনেন্টাল ভাল্‌ভস্ লিমিটেডের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের

(লক্ষ টাকায়)

নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত			নয় মাস সমাপ্ত		বর্ষ সমাপ্ত
		৩১.১২.২০২৫ (অনিরীক্ষিত)	৩০.০৯.২০২৫ (অনিরীক্ষিত)	৩১.১২.২০২৪ (অনিরীক্ষিত)	৩১.১২.২০২৫ (অনিরীক্ষিত)	৩১.১২.২০২৪ (অনিরীক্ষিত)	৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত)
১	কার্যাদি থেকে মোট আয়	৩৫৬.২৬	৪৮৬.৭৪	৪২৪.৭৪	১,১৪৭.৫৪	১,১৬১.৯৪	২০০৮.৯৮
২.	নিট লাভ / (ক্ষতি) সময়কালের জন্য (কর এবং ব্যতিক্রমী দফাদি পূর্ববর্তী)	৫.২৯	০.৮৮	৩.৪৯	১৫.২৭	২২.৪৫	৩২.৯৩
৩.	নিট লাভ/ (ক্ষতি) সময়কালের জন্য কর পূর্ববর্তী (ব্যতিক্রমী দফাদি পরবর্তী)	১.৪২	০.৫৮	২.১	৬.৭৪	১৫.৬৭	১৯.৬১
৪.	মোট অন্যান্য ব্যাপক আয় সময়কালের জন্য	-২.৫৮	-২.৩৬	০.১২	-৭.০৮	০.৩৪	-৯.৪৩
৫.	মোট ব্যালক আয় সময়কালের জন্য	-১.১৬	-১.৭৮	২.২২	-০.৩৪	১৬.০১	১০.১৮
৬.	চুকিয়ে দেওয়া ইক্যুইটি শেয়ার মূলধন	৮২.২২	৮২.২২	৮২.২২	৮২.২২	৮২.২২	৮২.২২
৭.	মূল ও মিশ্র ইপিএস	০.১৭০	০.০৭০	০.২৬০	০.৮৩০	১.৯২০	২.৪১০

দ্রষ্টব্য:

১ উপরোক্ত আর্থিক ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছে এবং ১৪ ফেব্রুয়ারি, ২০২৬ -এ অনুষ্ঠিত তাদের সভায় পরিচালনা পর্ষদ দ্বারা অনুমোদিত হয়েছে, সেবি (এলওডিআর) রেগুলেশনস ২০১৫ -এর রেগুলেশন ৩৩ -এর অধীনে প্রয়োজনীয় হিসাবে বিধিবদ্ধ নিরীক্ষক দ্বারা পরিচালিত হয়েছে।

২ এই বিবৃতিটি কোম্পানি আইন, ২০১৩ এর জন্য ধারা ১৩৩ এর অধীনে নির্ধারিত কোম্পানি (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুল ২০১৫ (ইন্ড এএস) অনুসারে প্রস্তুত করা হয়েছে এবং অন্যান্য স্বীকৃত অ্যাকাউন্টিং অনুশীলন এবং নীতি প্রযোজ্য পরিমাণে।

৩ কোম্পানী শুধুমাত্র একটি বিভাগে কাজ করে অর্থাৎ কন্ট্রোল ভ্যালস এবং স্পেয়ার। তাই কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ১৩৩ এর অধীনে ইন্ড এএস - ১০৮ অনুযায়ী সেগমেন্ট ভিত্তিক প্রতিবেদনের প্রয়োজন নেই।

৪ উপরোক্ত আর্থিক ফলাফল কোম্পানির সংবিধিবদ্ধ অডিটরদের দ্বারা পর্যালোচনা করা হয়েছে।

৫ পূর্ববর্তী সময়ের পরিসংখ্যান ৩১ ডিসেম্বর, ২০২৫ শেষ হওয়া ত্রৈমাসিক এবং সময়ের জন্য শ্রেণীবিভাগের সাথে সামঞ্জস্য করার জন্য যেখানে প্রয়োজন সেখানে পুনরায় গোষ্ঠীবদ্ধ/ পুনঃশ্রেণীবদ্ধ করা হয়েছে।

স্থান: কলকাতা
তারিখ: ১৪ ফেব্রুয়ারি, ২০২৬

পরিচালন পর্ষদের আদেশানুসারে
ধরমবীর কুমার
হোলটাইম ডিরেক্টর

অঙ্কুর মার্কেটিং লিমিটেড

CIN: L52110WB1985PLC240038
রেজিস্টার্ড অফিস: ২১০, রুবি পার্ক, কসবা রথতলা, কলকাতা-৭০০০৭৮
ইমেল: ankurmarketing85@gmail.com, ওয়েসাইট: https://www.ankurmarketing.com/, টেলি: ৯০৫১১৫৩৩৮৫

ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড (ইন্ড-এএস) মেনে প্রস্তুত করা ৩১ ডিসেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল

(লক্ষ -তে)

ক্র. নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত			নয় মাস সমাপ্ত		বর্ষ সমাপ্ত
		৩১.১২.২০২৫ (অনিরীক্ষিত)	৩০.০৯.২০২৫ (অনিরীক্ষিত)	৩১.১২.২০২৪ (অনিরীক্ষিত)	৩১.১২.২০২৫ (অনিরীক্ষিত)	৩১.১২.২০২৪ (অনিরীক্ষিত)	৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত)
১.	কার্যক্রম থেকে রাজস্ব	২৮.১৫	২৮.১৫	২৭.৫৫	৮৪.৪৬	৮২.৬৬	১১০.২১
২.	অন্যান্য আয়	১০৬.৫৯	১০৬.১০	৯৯.৫৩	৩১৮.২২	২৯১.৫৩	৩৯১.৯৭
৩.	**মোট আয় (১ + ২)**	**১৩৪.৭৫**	**১৩৪.২৫**	**১২৭.০৮**	**৪০২.৬৮**	**৩৭৪.১৯**	**৫০২.১৮**
৪.	খরচসমূহ						
	(ক) কর্মচারী সুবিধা খরচ	২২.৩০	২৪.৫২	২৯.১৭	৭৩.৮৭	৮৪.৪০	১১২.০৩
	(খ) অবচয় এবং বিলোপন খরচ	৫.৭৪	৮.৫৫	৮.৬৬	২২.৮৫	২৫.৯৪	৩৪.৫৩
	(গ) অর্থায়ন খরচ	০.৬৫	০.৮৩	১.৭৩	২.৫৬	৫.৬৩	৬.৯৬
	(ঘ) অন্যান্য খরচ	২০.০৭	১৭.২২	২৫.১৮	৬২.৪৫	৬৫.১৫	৮৩.৩০
	মোট খরচ	**৪৮.৭৭**	**৫১.১২**	**৫৯.৭৪**	**১৬১.৭৪**	**১৮১.১২**	**২৩৬.৮২**
৫.	**ব্যতিক্রমী আইটেম এবং অসাধারণ আইটেম ও করের আগে লাভ (ক্ষতি) (৩-৪)**	**৮৫.৯৮**	**৮৩.১২**	**৬৭.৩৪**	**২৪০.৯৫**	**১৯৩.০৭**	**২৬৫.৩৬**
৬.	ব্যতিক্রমী আইটেমসমূহ	-	-	-	-	-	-
৭.	অর্থায়ন খরচ এবং ব্যতিক্রমী আইটেমসমূহের আগে সাধারণ কার্যক্রম থেকে লাভ (৫-৬)	**৮৫.৯৮**	**৮৩.১২**	**৬৭.৩৪**	**২৪০.৯৫**	**১৯৩.০৭**	**২৬৫.৩৬**
৮.	অসাধারণ আইটেমসমূহ	-	-	-	-	-	-
৯.	**করের আগে নিট লাভ/(ক্ষতি) (৭-৮)**	**৮৫.৯৮**	**৮৩.১২**	**৬৭.৩৪**	**২৪০.৯৫**	**১৯৩.০৭**	**২৬৫.৩৬**
১০.	কর খরচ :						
	(i) চলতি কর	১৫.০৬	১৫.০৫	১১.৮৮	৪২.৩৫	৩১.৫৫	৪২.৪০
	(ii) স্থগিত কর	০.১৮	(০.৫৩)	০.০৮	(০.৮৮)	(০.২৬)	০.০৯
	(iii) পূর্ববর্তী বছরগুলোর জন্য আয়কর	-	-	০.০৯	-	-	(০.২৫)
	মোট কর খরচ	১৫.২৩	১৪.৫২	১২.০৫	৪১.৪৭	৩১.২৯	৪২.২৪
১১.	**চলমান কার্যক্রম থেকে নির্দিষ্ট সময়ের জন্য লাভ /(ক্ষতি) (৯-১০)**	**৭০.৭৫**	**৬৮.৬১**	**৫৫.২৯**	**১৯৯.৪৮**	**১৬১.৭৯**	**২২৩.১২**
১২.	বন্ধ করে দেওয়া কার্যক্রম থেকে নির্দিষ্ট সময়ের জন্য লাভ /(ক্ষতি)	-	-	-	-	-	-
১৩.	বন্ধ করে দেওয়া কার্যক্রমের কর খরচ	-	-	-	-	-	-
১৪.	বন্ধ করে দেওয়া কার্যক্রম থেকে নির্দিষ্ট সময়ের জন্য লাভ /(ক্ষতি) (কর-পরবর্তী)	-	-	-	-	-	-
১৫.	**নির্দিষ্ট সময়ের জন্য লাভ (ক্ষতি) (১১ + ১৪)**	**৭০.৭৫**	**৬৮.৬১**	**৫৫.২৯**	**১৯৯.৪৮**	**১৬১.৭৯**	**২২৩.১২**
১৬.	অন্যান্য ব্যাপক আয়						
	(i) যে আইটেমগুলো লাভ বা ক্ষতিতে পুনঃশ্রেণীবদ্ধ করা হবে না - অ্যাকচুয়ারিয়াল (ক্ষতি)/লাভ	-	-	-	-	-	-
	(ii) যে আইটেমগুলো লাভ বা ক্ষতিতে পুনঃশ্রেণীবদ্ধ করা হবে না, সেগুলোর সাথে সম্পর্কিত আয়কর	-	-	-	-	-	-
	(iii) যে আইটেমগুলো লাভ বা ক্ষতিতে পুনঃশ্রেণীবদ্ধ করা হবে	-	-	-	-	-	-
	(iv) যে আইটেমগুলো লাভ বা ক্ষতিতে পুনঃশ্রেণীবদ্ধ করা হবে, সেগুলোর সাথে সম্পর্কিত আয়কর	-	-	-	-	-	-
১৭.	**নির্দিষ্ট সময়ের জন্য মোট ব্যাপক আয়**	**৭০.৭৫**	**৬৮.৬১**	**৫৫.২৯**	**১৯৯.৪৮**	**১৬১.৭৯**	**২২৩.১২**
১৮.	পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতি শেয়ারের অভিহিত মূল্য ১০/-)	৩০০.০০	৩০০.০০	৩০০.০০	৩০০.০০	৩০০.০০	৩০০.০০
১৯.	পূর্ব বর্ষের নিরীক্ষিত ব্যালান্স সীটে প্রদর্শিত সংরক্ষণ (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত)	-	-	-	-	-	-
২০.	শেয়ার প্রতি আয় (ইপিএস) [ত্রৈমাসিকের ইপিএস বার্ষিকীকরণ করা হয়নি]						
	(ক) মৌলিক	২.৩৬	২.২৯	১.৮৪	৬.৬৫	৫.৩৯	৭.৪৪
	(খ) মিশ্রিত	২.৩৬	২.২৯	১.৮৪	৬.৬৫	৫.৩৯	৭.৪৪

আর্থিক ফলাফলের দ্রষ্টব্য :

১ উপরোক্ত আর্থিক ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা ও সুপারিশ করা হয়েছে এবং ১৪ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখে অনুষ্ঠিত তাদের নিজ নিজ সভায় পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে। কোম্পানির সংবিধিবদ্ধ নিরীক্ষকগণ ৩১ ডিসেম্বর, ২০২৫-এ সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের আর্থিক ফলাফলের সীমিত পর্যালোচনা করেছেন। এই পর্যালোচনা রিপোর্টে এমন কোনো পর্যবেক্ষণ নেই যা উক্ত সময়ের আর্থিক ফলাফলের ওপর কোনো প্রভাব ফেলতে পারে।

২ উপরোক্ত আর্থিক ফলাফলগুলি পূর্ববর্তী সময়ের ফলাফলের সাথে সংশ্লিষ্ট নোটের সাথেই পড়া উচিত।

৩ যেহেতু কোম্পানির ব্যবসায়িক ক্রিয়াকলাপ একক সেগমেন্ট ব্যবসার মধ্যে পড়ে, সেজন্য কোনও পৃথক সেগমেন্ট তথ্য দেওয়া নেই।

৪ কোম্পানি মেসার্স ওম দয়াল এডুকেশনাল অ্যান্ড রিসার্চ সোসাইটির পক্ষ থেকে ব্যাংকে কর্পোরেট গ্যারান্টি দিয়েছে ৩,১৩৩ লক্ষ (৩১.১২.২০২৫ তারিখে বকেয়া ১, ৬৭১.৮৫ লক্ষ) এবং মেসার্স কৃষ্ণদয়াল এডুকেশন এন্ড রিসার্চ একাডেমি, ১,৮৬৮ লক্ষ (৩১.১২.২০২৫ তারিখে বকেয়া ৪৭.৪৫ লক্ষ)।

৫ ইনড এএস অনুযায়ী ফেয়ার ভ্যালুয়েশনের ওপর ভিত্তি করে অন্যান্য ব্যাপক আয়ের প্রভাব বছরের শেষে হিসাবভুক্ত করা হবে। এই কারণে ত্রৈমাসিক ফলাফলে এর কোনো প্রভাব দেখানো হয়নি। এছাড়া অন্যান্য ব্যাপক আয়ের সাথে সম্পর্কিত স্থগিত করের প্রভাবও বছরের শেষে প্রদান করা হবে।

৬ এই আর্থিক ফলাফল কোম্পানির ওয়েবসাইট http://www.ankurmarketing.com এ পাওয়া যাবে।

৭ বর্তমান সময়ের/বছরের সাথে তুলনামূলক করার জন্য পূর্ববর্তী সময়ের/বছরের পরিসংখ্যানগুলো পুনর্গঠিত বা পুনর্শ্রেণীবদ্ধ করা হয়েছে।

অঙ্কুর মার্কেটিং লিমিটেড -এর পক্ষে
শ্যাম সুন্দর আগরওয়াল
ম্যানেজিং ডিরেক্টর
[DIN: 01021359]

তারিখ: ১৬.০২.২০২৬
স্থান : কলকাতা

NIeT

B.D.O. Arsha, Purulia invites e-Tender for 20 No. of works. For Details Visit **www.tenders.wb.gov.in**

Ref. Tender ID:- 2026_DM_5012133_1 to 20.

Sd/-
Block Development Officer
Arsha Development Block

e-N.I.T. No. 62 / BDO / BER of 2025-2026

e- N.I.T.-62 is invited through **online** by the Block Development Officer, Berhampore development Block, Murshidabad for **08 (eight)** nos. Civil works under Berhampore Development Block from **16.02.2026** to **23.02.2026.**

Date of downloading tender documents-**16.02.2026 at 17:00 hrs**. End date of submitting bid proposal **-23.02.2026 up to 16:00 hrs**.

N.B. details may be obtained from **http://www.tenders.wb.gov.in** & from this office during office hours.

Sd/-
(Sri Amarjyoti Sarkar)
Block Development officer
Berhampore Development Block
Murshidabad

EAST COAST RAILWAY

e-Tender Notice No. ETELCONBBST-381E, Dated : 09.02.2026

NAME OF WORK : MODIFICATION / SHIFTING OF HT / LT POWER LINE CROSSINGS OF KULAEIPOSH-GOPNA-BIMLAGARH IN CONNECTION WITH TALCHER-BIMLAGARH NEW BG LINE OF EAST COAST RAILWAY.

Approx. Cost of the Work : ₹ 436.39 Lakhs, EMD : ₹ 3,68,200/-, Completion Period of the Work : 08 Months.

Tender Closing Date & Time : At 1200 hrs. of 12.03.2026.

No manual offers sent by Post / Courier / Fax or in person shall be accepted against such e-tenders even if these are submitted on firm's letter head and received in time. All such manual offers shall be considered invalid and shall be rejected summarily without any consideration.

Complete information including e-tender documents of the above e-tender is available in website : **www.ireps.gov.in**

Note : The prospective tenderers are advised to revisit the website 15 (Fifteen) days before the date of closing of tender to note any changes / corrigenda issued for this tender. The tenderers/bidders must have Class-III Digital Signature Certificate and must be registered on IREPS Portal. Only registered tenderer/ bidder can participate on e-tendering.

The tenderer should read all instructions to the tenderers carefully and ensure compliance of all instructions including check lists, para 3.1 (check-list) of Tender form (Second sheet) Annexure-I of chapter-2 of Tender documents, submission of Annexure-B,G & G1 duly verified and signed by Chartered Accountant.

Dy. Chief Electrical Engineer (Con-I)/ Bhubaneswar

PR-264/CI/25-26

Form No. INC-26
[Pursuant to rule 30 the Companies (Incorporation) Rules, 2014]

Advertisement to be published in the newspaper for change of registered office of the company from one state to another

Before the Central Government, Regional Director, Eastern Region, Kolkata

In the matter of sub-section (4) of Section 13 of Companies Act, 2013 and clause (a) of sub-rule (5) of rule 30 of the Companies (Incorporation) Rules, 2014,

AND

In the matter of **M/s. P.M. TRADE VENTURES PRIVATE LIMITED,** having its registered office at 1st Floor, 105 Southern Avenue, Sarat Bose Road, Kolkata, 700029.

...Petitioner

